পল্লী উন্নয়নে সোনালী
সোপান

সঞ্চয় করুন ভবিষ্যত গড়ুন

জরুরি
সীমিত

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লী ভবন
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫
পেনশন (প্রশাসন) উপশাখা-১
www.brdb.gov.bd

নম্বর: ৪৭.৬২.০০০০.২০৭.১৩.০০১.১৮.১৮৩

তারিখ: ২৮ শ্রাবণ ১৪২৫
১২ আগস্ট ২০১৮

প্রজ্ঞাপন

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের রাজস্ব বাজেটভুক্ত জনাব মোঃ মীর মোশারেফ হোসেন (ই-২১৩৩), সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ উপজেলা , বিআরডিবি, নোয়াখালী এর জন্ম তারিখঃ ২৫/০৬/১৯৬১ খ্রি.। তিনি বিগত ১৪/১২/১৯৮৫ খ্রি. তারিখে বিআরডিবি'র চাকরিতে যোগদান করেন ।প্রথম যোগদানের তারিখ হতে ৩০/০৯/২০১৮ খ্রি. তারিখ পযন্ত তাঁর চাকরির মেয়াদ ২৫ বৎসরের উর্ধ্বে হওয়ায় তিনি ০১/১০/২০১৮ তারিখে বিআডিবি'র চাকরি থেকে স্বেচ্ছায় অবসরসহ পিআরএল মঞ্জুরের আবেদন করেন। বিআরডিবি কর্মচারী (অবসর ভাতা ও অবসর জনিত সুবিধাদি) প্রবিধানমালা' ১৯৯৬ এর ৯, ১৯ প্রবিধান এবং অর্থ মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত এস আর ও নং ৩৭০-আইন, জাতীয় বেতন স্কেল ২০১৫ এর অনুচ্ছেদ-৯ এবং অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের প্রজ্ঞাপন নং-অম/অবি/প্রবি/-১/চাঃবি-৩/২০১০ (অংশ-৩)/৬২ তাং-০৬/০৪/২০১০ এবং মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক Public Servants (Retirement) Act,1974 (Act, No.XII of 1974) এর অধিকতর সংশোধনকল্পে ২৬ ডিসেম্বর, ২০১১ তারিখে প্রণীত অধ্যাদেশ (অধ্যাদেশ নং৩,২০১১) অনুযায়ী জনাব মোঃ মীর মোশারেফ হোসেন (ই-২১৩৩) -কে ০১/১০/২০১৮ তারিখে বিআরডিবি'র চাকরি থেকে স্বেচ্ছায় অবসর এবং জমাকৃত অর্জিত ছুটি থেকে ০২/১০/২০১৮ তারিখ হতে ০১/১০/২০১৯ তারিখ পযন্ত ১২ (বার) মাস পূর্ণ গড় বেতনে অবসরোত্তর ছুটি (Post Retirement Leave) মঞ্জুর করা হলো। অবসরোত্তর ছুটি ভোগকালে তিনি তাঁর সর্বশেষ কর্মস্থল থেকে প্রাপ্ত এলপিসি এবং তাঁর আবেদন অনুযায়ী বিআরডিবি, জেলা দপ্তর, নোয়াখালী হতে বেতনভাতাদি প্রাপ্য হবেন।

২। কর্তপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

...

১৩-৮-২০১৮

মোহাম্মদ রফিকুল ইসলাম
উপপরিচালক

নম্বর: ৪৭.৬২.০০০০.২০৭.১৩.০০১.১৮.১৮৩/১(১০)

তারিখ: ২৮ শ্রাবণ ১৪২৫
১২ আগস্ট ২০১৮

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল:

১) জনাব মোঃ মীর মোশারেফ হোসেন (ই-২১৩৩), সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ উপজেলা , বিআরডিবি, নোয়াখালী। অবসর গমনের পূর্ব তারিখে তিনি তাঁর দায়িত্বভার হস্তান্তর পূর্বক অবসরোত্তর ছুটিতে গমন করবেন। বিআরডিবি'তে কর্মকালীন সার্ভিস রেকর্ড যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে জমাদানের জন্য অনুরোধ করা হলো।

২) পরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা।

৩) উপপরিচালক (অর্থ ও বাজেট/হিসাব/নিরীক্ষা) শাখা, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, ঢাকা।

৪) উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হ'ল)।

৫) মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।

৬) উপপরিচালক , বিআরডিবি, নোয়াখালী। জনাব মোঃ মীর মোশারেফ হোসেন (ই-২১৩৩) এর অবসর গমনের পূর্ব তারিখে স্থানীয়ভাবে দায়িত্ব হস্তান্তরের ব্যবস্থা গ্রহন পূর্বক দায়িত্ব হস্তান্তরের চিঠির মূলকপি , সর্বশেষ বেতনভাতার সনদপত্র (এলপিসি) প্রত্যেকটির ০৮ (আট) কপি করে মহাপরিচালক বরাবর প্রেরনের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, তাঁর বিভিন্ন কর্মস্থলের বিপরীতে দায়দেনার চিঠি সংগ্রহ পূর্বক একীভূত করে (উপপরিচালকের আবরনী পত্রসহ) মহাপরিচালক মহোদয় বরাবর প্রেরনের জন্য অনুরোধ করা হলো।

৭) সহকারী পরিচালক, পার্সোনেল শাখা ডেস্ক-৪, বিআরডিবি, ঢাকা।

৮) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ উপজেলা , বিআরডিবি, নোয়াখালী।